

ইকফাই-এ জাতীয়  
যুবদিবস উদযাপিত

কামালঘাট, ১১ জানুয়ারী ১১

প্রত্যেক বছরের ন্যায় এবারেও ইকফাই বিশ্ববিদ্যালয় ত্রিপুরার উদ্যোগে কামালঘাটস্থিত ক্যাম্পাসে উদযাপিত হল জাতীয় যুব দিবস তথা আধুনিক ভারতের রূপকার স্বামী বিবেকানন্দের ১৫৫তম জন্মদিন। বুধবার দুপুরে স্বামী বিবেকানন্দের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ্য অর্পণ করে যুবদিবস উদযাপনের আনুষ্ঠানিক উদ্বোধন করেন বিবেকনগরস্থিত রামকৃষ্ণ মিশনের মঠাধ্যক্ষ স্বামী হিতকামানন্দ মহারাজ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক বিপ্লব হালদার। উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের নিবন্ধক ডঃ আভুলা রঙ্গনাথ।

অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে স্বামী হিতকামানন্দ মহারাজ বলেন, স্বামী বিবেকানন্দ সমগ্র বিশ্বজুড়ে যুবকদের আইকন। উনার ভাবধারা অনুসরণ করেই অনেক জাতি বিশ্বে প্রতিষ্ঠা পেয়েছে। হিতকামানন্দ মহারাজ জানান, মানবজীবনের প্রতিটি মুহূর্তই খুব মূল্যবান। ফেসবুক, হোয়াটস অ্যাপ বা টুইটার ব্যবহারে মূল্যবান সময় নষ্ট করা বিলাসিতা ছাড়া কিছুই নয়। জীবনে পূর্ণতা আনতে গেলে প্রতিটি কাজ খুব মনযোগ সহকারে করতে হবে। তিনি ছাত্র ও যুবসমাজকে প্রত্যহ স্বামী বিবেকানন্দের রচনা ও বাণী অধ্যয়নের আহ্বান জানান।

এদিকে, রাজ্য বিজ্ঞান ও প্রযুক্তি পর্ষদ এবং ইকফাই বিশ্ববিদ্যালয়ের যৌথ উদ্যোগে বৃহস্পতিবার ‘বিজ্ঞানীকে চেনো’ শীর্ষক এক কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার মূল বিষয়বস্তু ছিল ভারতের মহাকাশ কর্মসূচী। টাটা ইনস্টিটিউট অব ফাউন্ডামেন্টাল রিসার্চের প্রখ্যাত মহাকাশ বিজ্ঞানী অধ্যাপক মায়াক্স এন ভাহিয়া কর্মশালায় ভারতের মহাকাশ কর্মসূচী সম্পর্কে বিস্তারিত তথ্য দেন।

কর্মশালার শুরুতে স্বাগত ভাষণ দেন বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি অধ্যাপক বিপ্লব হালদার। তিনি বলেন, টাটা ইনস্টিটিউট অব ফাউন্ডামেন্টাল রিসার্চ দেশের একটি প্রখ্যাত শিক্ষা প্রতিষ্ঠান। সেখানে পড়ার জন্য মেধাবি ছাত্রছাত্রীরা মুখিয়ে থাকে। অধ্যাপক হালদার এই শিক্ষা প্রতিষ্ঠানের সঙ্গে সমঝোতাপত্র সাক্ষরের ইচ্ছা প্রকাশ করেন।